# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**25-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা আসনে দলীয় প্রার্থীর রেকর্ড ব্যবধানে জয়, বিজেপি-র প্রতি রাজ্যবাসীর অটল আস্থার প্রতিফলন ।

২) ফলতা বিধানসভা কেন্দ্রে জয়ের ফলে বিধানসভায় বিজেপি-র আসন সংখ্যা বেড়ে দাঁড়ালো ২০৮-এ।

৩) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে সবকটি দফতরের উন্নয়নমূলক প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনা করবেন।

৪) আটক অনুপ্রবেশকারীদের জন্য জেলায় জেলায় হোল্ডিং সেন্টার গড়ে তোলার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

**oooooooooooooooooo**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা আসনে দলীয় প্রার্থীর রেকর্ড ব্যবধানে জয়, বিজেপি-র প্রতি রাজ্যবাসীর অটল আস্থার প্রতিফলন ।

সামাজিক মাধ্যমে এক পোষ্টে তিনি লেখেন, এই জনাদেশে গণতন্ত্রের জয় হয়েছে। পরাজিত হয়েছে, ভয়-ভীতি ও হুমকি। রাজ্যের উন্নতির জন্য পশ্চিমবঙ্গের মানুষ বিজেপি-র প্রতি যে অটল বিশ্বাস রেখেছেন তারই প্রতিফলন ফলতায় বিপুল ব্যবধানে জয়। রাজ্যের উন্নয়নের লক্ষে দল কাজ করে যাবে বলেও প্রধানমন্ত্রী জানিয়েছেন।

উল্লেখ্য, ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়েছেন বিজেপি প্রার্থী দেবাংশু পান্ডা। নিকটতম প্রতিদ্বন্দ্বী সিপিআইএম প্রার্থী শম্ভুনাথ কুর্মি-কে তিনি ১ লক্ষ ৯ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেছেন। তৃতীয় স্থানে রয়েছেন কংগ্রেসের আব্দুর রেজ্জাক মোল্লা। চতুর্থস্থানে রয়েছেন তৃণমূল কংগ্রেসের জাহাঙ্গির খান।

২১-শে মে এই কেন্দ্রে পুনর্নির্বাচনে ভোট নেওয়া হয়। ৮৮ শতাংশের বেশি ভোট পড়ে এই কেন্দ্রে।

এই কেন্দ্রে জয়লাভের ফলে বিধানসভা নির্বাচনে বিজেপি-র আসন সংখ্যা বেড়ে হলো – ২০৮।

বিজেপি-র জয়ী প্রার্থীকে অভিন্দন জানিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন সোনার ফলতা গড়ার জন্য তাঁর সরকার দায়বদ্ধ। ফলতায় বিজেপির বিপুল জয়েদ তৃণমূল কংগ্রেসের ডায়মন্ডহারবার মডেল কার্যত ধুলিসাৎ হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, রাজ্যে তৃণমূল কংগ্রেসের অস্তিত্ব থাকবে না।

(বাইট – সুকান্ত)

**oooooooooooooooooo**

ফলতায় নির্বাচনে বিজেপি প্রার্থীর রেকর্ড ভোটে জয়ের পর বিজেপি নেতা অমিত মালভিয়া বলেছেন, ডায়মন্ডহারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় ওই আসনে জন প্রতিনিধিত্বের নৈতিক

অধিকার হারিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, ফলতা থেকেই অভিষেক রাজ্যের মানুষ, এমনকি সমগ্র ভারতবর্ষকেও চ্যালেঞ্জ করেছিলেন।

oooooooooooooooooo

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, আগামী দিনে রাজ্যে বামপন্থার পুনরুত্থান হবে, ফলতার ফলাফলেই তা স্পষ্ট।

(বাইট – সেলিম)

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, এই নির্বাচনে তথাকথিত সন্ত্রাস, ভোটচুরির ডায়মন্ডহারবার মডেলের সমাপ্তি ঘটেছে।

(বাইট – সৌম্য আইচ রায়)

oooooooooooooooooo

সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে পরিকল্পনা করেই তৃণমূল কংগ্রেসকে হারানো হয়েছে বলে প্রাক্তন মুখ্যমন্ত্রী, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী ফের অভিযোগ করেছেন। গতকাল সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, ২২০ থেকে ২৩০-টি আসন পাওয়ার কথা ছিল তৃণমূল কংগ্রেসের। ভবানীপুরেও তাঁকে জোর করে হারানো হয়েছে। মমতা ব্যানার্জী বলেন, ফল প্রকাশের পর থেকেই দলীয় নেতা-কর্মীদের ওপর নানাভাবে আক্রমণ চলেছে। তৃণমূল কংগ্রেসের আমলে চালু হওয়া প্রকল্পের সমালোচনা করলেও বিজেপি নাম বদল করে সেই প্রকল্প গুলিই চালু রাখছে বলেও মন্তব্য করেন তিনি।

oooooooooooooooooo

সব দপ্তরের উন্নয়নমূলক প্রকল্পগুলি পর্যালোচনা করার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে বৈঠকে বসবেন। সব দপ্তরের সচিব এবং প্রজেক্ট ডিরেক্টর কে নিয়ে নবান্ন সভার ঘরে এই বৈঠক হবার কথা।

এদিকে জেলা সফরে মুখ্যমন্ত্রী আগামীকাল নদীয়ার কল্যাণীতে প্রশাসনিক বৈঠক করবেন। কল্যাণীর এপিজে আবদুল কালাম অডিটোরিয়ামের এই বৈঠকে হুগলী, নদীয়া ও উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসনিক কর্তাদের উপস্থিত থাকতে বলা হয়েছে।

**ooooooooooooooooo**

অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের রাখার জন্য জেলায় জেলায় 'হোল্ডিং সেন্টার' বা অস্থায়ী আবাসন গড়ে তোলার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ২০২৪-এর ৩১-শে ডিসেম্বরের পরে যারা অবৈধভাবে কাঁটাতার পেরিয়ে এদেশে ঢুকেছে, তাদের চিহ্নিত করে এই হোল্ডিং সেন্টারে রাখা হবে। পাশাপাশি একই অভিযোগে আটক ব্যক্তিরা যাদের দেশের বাইরে পাঠানোর প্রক্রিয়া চলছে, তাদেরও সেখানে রাখা যাবে। রাজ্য সরকারের স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের তরফে এসংক্রান্ত একটি নির্দেশিকা সব জেলাশাসক, পুলিশ সুপার দের পাঠানো হয়েছে। অবিলম্বে এই সেন্টারগুলি গড়ে তোলার জন্য জেলাশাসকদের প্রয়োজনীয় উদ্যোগ নেবারও নির্দেশ দেওয়া হয়েছে।

২০২৫-এর দোসরা মে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ফরেনার্স ডিভিশন, রোহিঙ্গা এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নিয়ে ৮ পাতার একটি নির্দেশিকা জারি করেছিল। সেখানে অনুপ্রবেশকারীদের রাখার জন্য ওই হোল্ডিং সেন্টার তৈরির করার কথা বলা হয়। উল্লেখ্য, অবৈধ অনুপ্রবেশকারীদের ক্ষেত্রে নব নির্বাচিত বিজেপি সরকার, ডিটেক্ট, ডিলিট এবং ডি-পোর্ট নীতি নিয়েছে।

**ooooooooooooooooo**

দক্ষিণ ২৪ পরগনার কুলপীতে ২০২২ সালের একটি খুনের মামলায় প্রভাবশালী তৃণমূল কংগ্রেস নেতা আব্দুর রহিম মোল্লা ওরফে রহিম মাস্টারকে গ্রেফতার করেছে পুলিশ। ওই ব্যক্তি কুলপী ব্লক তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের সভাপতি বলে জানা গেছে। তাঁর স্ত্রী গাজিপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান, আজ অভিযুক্ত রহিম মাস্টারকে ডায়মন্ডহারবার মহকুমা আদালতে তোলা হবে।

পূর্ব বর্ধমানের গলসিতে জাহির আব্বাস মন্ডল নামে এক তৃণমূল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। ২০২১ সালে ভোট পরবর্তী হিংসা, তোলাবাজির অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

গতকাল তার দু-দিনের পুলিশ হেফাজত হয়েছে।

**ooooooooooooooooo**

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার ভরতগড় গ্রাম পঞ্চায়েতে মান্নাপাড়া এলাকায় মাছের ভেড়ি থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল স্থানীয়রা বস্তাবন্দি আগ্নেয়াস্ত্র দেখতে

পেয়ে পুলিশে খবর দেয়। উদ্ধার হয়েছে ৩-টি বন্দুক। ২৪ রাউন্ড কার্তুজ এবং বোমা তৈরির মশলা। পুলিশ ঘটনার তদন্ত করছে।

**০০০০০০০০০০০০০০০০০০**

মূর্শিদাবাদ জেলার প্রতিটি ব্লকে এসআইআর-এর অ্যাপিলেট ট্রাইব্যুনাল গঠনের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছেন কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী। চিঠিতে অধীবাবু বলেছেন, দরিদ্র ও প্রান্তিক মানুষজন দুরদুরান্তে নাম তালিকাভুক্ত করার জন্য গিয়ে দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন। এব্যাপারে মুখ্যমন্ত্রীর দ্রুত হস্তক্ষেপের দাবি জানান তিনি।

উল্লেখ্য, SIR প্রক্রিয়ায় মুর্শিদাবাদে ৫ লক্ষের বেশি নাম বাদ পড়েছে বলে অধীরবাবুর দাবি।
।

**০০০০০০০০০০০০০০০০০০**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে ৬৬ জন পদ্ম পুরস্কার , প্রাপকদের হাতে তুলে দেবেন। সাহিত্য, সংস্কৃতি, চলচ্চিত্র, সঙ্গীত, নাট্য চর্চা ইত্যাদি ক্ষেত্রে অসাধারণ অবদানের স্বীকৃতি স্বরূপ এরাজ্যের ১১ জন পদ্মশ্রী পাচ্ছেন। এর মধ্যে শিক্ষা ও সাহিত্যে অশোক কুমার হালদার, গম্ভীর সিং ইয়ানজনে, মহেন্দ্রনাথ রায়, রবিলাল টুডু পদ্মশ্রী সম্মান পাচ্ছেন।

পদ্মশ্রী প্রাপকদের মধ্যে রয়েছেন, বিশিষ্ট অভিনেতা প্রসেনজিৎ চ্যাটার্জী, তবলা বাদক কুমার বোস, সঙ্গীতজ্ঞ তরুণ ভট্টাচার্য, তন্তুবায় জ্যোতিশ দেবনাথ, হৃদরোগ বিশেষজ্ঞ ডাক্তার সরোজ মন্ডল, চারুকলা ও হস্তশিল্পের ক্ষেত্রে তৃপ্তি মুখার্জী প্রমুখ।

নট ও নাট্যকার প্রয়াত হরিমাধব মুখোপাধ্যায় মরণোত্তর পদ্মশ্রী পাচ্ছেন।

দ্বিতীয় পর্যায়ে পরে বাকি কৃতিদের হাতে পদ্ম পুরস্কার তুলে দেবেন রাষ্ট্রপতি।

**০০০০০০০০০০০০০০০০০০**

বিগত ২ সপ্তাহে মধ্যে তেলের দাম চতুর্থবারের মতো বৃদ্ধি পেয়েছে। রাজধানী দিল্লিতে পেট্রলের দাম লিটার পিছু ২ টাকা ৬১ পয়সা বেড়ে দাঁড়িয়েছে ১০২ টাকা ১২ পয়সা । অন্যদিকে ডিজেলের দাম ২ টাকা ৭১ পয়সা বেড়ে হয়েছে লিটার পিছু ৯৫ টাকা ২০ পয়সা ।

**০০০০০০০০০০০০০০০০০০**

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী বুধবার থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতর জনিয়েছে। এর ফলে ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে। তবে তার আগে অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। পশ্চিমের জেলাগুলিতেও বেশি থাকবে তাপমাত্রা।

অন্যদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দুদিন ভারী বৃষ্টির সম্ভাবনা থাকলেও ২৭ তারিখ থেকে তা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

**০০০০০০০০০০০০০০০০০০**

ইডেনে গতকাল আইপিএল এর লিগ পর্বের শেষ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , দিল্লি ক্যাপিটালস এর কাছে ৪০ রানে পরাজিত হয়েছে। টসে জিতে কেকেআর দিল্লিকে প্রথমে ব্যাট করতে পাঠায়। দিল্লি ২০ ওভারে ৫ উইকেটে ২০৩ রান তোলে। কে এল রাহুল ৬০, অধিনায়ক অক্ষর প্যাটেল ৩৯ রান করেন। সৌরভ দুবে দুই উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে কেকেআর ১৮ ওভার চার বলে ১৬৩ রানে অলআউট হয়ে যায়

**০০০০০০০০০০০০০০০০০০**